



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2024

গভর্নর ক্যাথি হোকল

মেয়র অ্যাডামস-এর স্টেট অব দ্য সিটি ভাষণ সম্পর্কে গভর্নর হোকলের বিবৃতি

“আজ মেয়র অ্যাডামস বেশ কিছু সাহসী ধারণার রূপরেখা তুলে ধরেছেন যেগুলো আরো সাশ্রয়ী, আরো বেশি বসবাসযোগ্য এবং অধিকতর নিরাপদ নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য আমাদের শেয়ার করা ভিশনকে এগিয়ে নিয়ে যাবে।

মেয়র এবং আমি উভয়ে আবাসনের সরবরাহ বৃদ্ধি করার মাধ্যমে আমাদের ক্রয়ক্ষমতার সংকট সমাধান করার লড়াইয়ে একতাবদ্ধ রয়েছি। যেমনটা মেয়র অ্যাডামস আজ বলেছেন: সিটি আরো বেশি আবাসন চায় – এখন সেগুলো নির্মাণ করার সময় হয়েছে! আমি আলবানিতে আইনগত পরিবর্তন নিয়ে আসার জন্য লড়াই চালিয়ে যেতে অঙ্গীকারাবদ্ধ রয়েছি, যা তাকে ঠিক সেই কাজটি করার সুযোগ করে দেবে।

নিউ ইয়র্কের কর্মজীবী পরিবারগুলোর সম্মুখীন হওয়া সমস্যাগুলোর প্রতি মেয়র অ্যাডামস-এর মনোযোগ দেওয়ার বিষয়টিও প্রশংসার দাবিদার। আমিও তার মতোই উদ্বিগ্ন যে সোশ্যাল মিডিয়া বহু তরুণ ব্যক্তির উপর একটি নেতিবাচক প্রভাব ফেলছে, এবং তাদের মানসিক স্বাস্থ্য রক্ষার জন্য তিনি পদক্ষেপ গ্রহণ করছেন দেখে আমি আনন্দিত। এছাড়া 2 বিলিয়ন ডলারের মেডিকেল খণ বাতিল করার জন্য করা মেয়রের কাজটিও কর্মজীবী শ্রেণির নিউ ইয়র্কবাসীদের জীবনকে পরিবর্তন করবে, এবং আর্থিক বিষয়ে কাউন্সেলিং রোগীদেরকে প্রথম থেকেই খণগ্রস্ত হওয়া এড়াতে সাহায্য করবে।

গত দুই বছরে আমরা অপরাধের বিরুদ্ধে লড়াই করা, বাসস্থান নির্মাণ করা এবং অভিবাসী সংকট মোকাবেলার জন্য একসঙ্গে কাজ করার মাধ্যমে একটি শক্তিশালী, উৎপাদনমুখী অংশীদারিত্ব গড়ে তুলেছি। একসঙ্গে কাজ করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কের উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করবো।”

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)